

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৯.১৯-৪২৯

তারিখঃ ০৫ ভাদ্র ১৪২৬ ব.  
২০ আগস্ট ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪১৮৮/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪১৮৮/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪১৮৮/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

| রিট পিটিশন নং | পিটিশনার   | রেসপনডেন্ট   | মামলা দায়েরের কারণ/বিষয়  |
|---------------|--|--|--|
| ৪১৮৮/২০১৯     | জনাব মো: হারুনুর রশিদ, সহ-সুপার, ধর্মদাসপুর আমিনিয়া দাখিল মাদ্রাসা উপজেলা-পীরগঞ্জ, রংপুর। | সচিব, টিএমইডি, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন। | মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৪৪৬৩/২০১৮ মামলার ০৮/৪/২০০১৮ খ্রি: তারিখে প্রদত্ত রুলিং অনুযায়ী রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ধর্মদাসপুর আমিনিয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মো: হারুনুর রশীদের সহ-সুপার পদে ০৮ম গ্রেডে এমপিওভুক্তকরণের সুযোগ নেই মর্মে ডিএমই হতে ১৯/৭/২০১৮ তারিখে ৫৭.২৫.০০০০.০০৫.০২.০০২.১৭-২৫৫ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। উক্ত পত্রে বর্ণিত হয়েছে যে জুন/১২ হতে সহ: সুপার এর স্কেল (৮ নং গ্রেড) হতে ১৫ নং গ্রেডে নামিয়ে দেয়া হয়।<br>উক্ত পত্রের বিরুদ্ধে এবং বেতন কোড পরিবর্তন (কোড নং-১৫ এর স্থলে ৮) করে জুন/২০১১ হতে বর্তমান পর্যন্ত সহ:সুপার পদের পূর্ণস্কেলে বেতন-ভাতাদি প্রদানের নির্দেশনা দাবী করে পিটিশনার জনাব মো: হারুনুর রশিদ কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪১৮৮/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৯/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার-কে সহ: সুপার পদে ০৮ম গ্রেডে এমপিওভুক্তকরণের সুযোগ নেই মর্মে ডিএমই হতে ১৯/৭/২০১৮ তারিখে জারীকৃত ২৫৫ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা এবং বেতন কোড পরিবর্তন (কোড নং-১৫ এর স্থলে ৮) করে জুন/২০১১ হতে বর্তমান পর্যন্ত বর্ণিত প্রতিষ্ঠানে সহ:সুপার পদের পূর্ণস্কেলে বেতন-ভাতাদি প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১৬/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪১৮৮/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০৫/০৯/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

  
(এ.কে.এম শহীদুল্লাহ)  
উপসচিব (অডিট ও আইন)  
ফোন-৯৫৭৪০৯০।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।